

# পরিশিষ্ট - ১

## অনলাইন কোর্সে অংশগ্রহণের নিয়মাবলি

### প্রশিক্ষণে অংশগ্রহণের শর্তাবলি

এই কোর্সে অংশগ্রহণকারী সকলকে অবশ্যই সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হতে হবে।

### প্রশিক্ষণে রেজিস্ট্রেশন

অফলাইন উপাদানের সহায়তা নিয়ে যাঁরা এই প্রশিক্ষণ গ্রহণ করবেন তাঁদেরও প্রথমে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তথ্য কমিশনের ওয়েবসাইট <http://www.infocom.gov.bd>-এ প্রবেশ করলে “সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার আইন, ২০০৯ প্রশিক্ষণ” শিরোনামে একটি লিংক পাবেন। লিংকটিতে ক্লিক করলেই অনলাইন প্রশিক্ষণের মূল পাতায় প্রবেশ করবেন। রেজিস্ট্রেশন করতে আপনার ডান দিকের ওপরের কোনায় **Enrol for free** লেখা সবুজ রঙের বাটনটিতে ক্লিক করুন। আপনার সামনে একটি নতুন পেজ খুলবে। সেখানে ডান দিকের ওপরের কোনায় **Sign up** লেখা সবুজ বাটনটিতে ক্লিক করতে হবে। এখানে ক্লিক করলে যে পেজটি খুলবে সেখানে আপনার First Name, Last Name এবং Email ঠিকানা দেবেন। এরপর আপনার Email-এর Passwordটি দিয়ে নিচের **Sign up** লেখা বাটনটিতে ক্লিক করে আপনার রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করুন। Sign up লেখা বাটনে ক্লিক করামাত্রই আপনি স্বয়ংক্রিয়ভাবে কোর্সে প্রবেশ করবেন। পরবর্তী সময়ে লগইনের জন্য Passwordটি মনে রাখুন।

কোর্স থেকে বেরিয়ে যেতে Logout করুন। পরবর্তী সময়ে কোর্সে প্রবেশ করতে ডান কোনায় একদম উপরে নীল রঙের **Log in** বাটনে ক্লিক করার পর যে পেজটি খুলবে সেখানে আপনার পূর্বের Email address ও Password দিয়ে **Log in** বাটনে ক্লিক করে আপনি কোর্সে প্রবেশ করতে পারবেন।

মনে রাখবেন, আপনি যে নাম দিয়ে রেজিস্ট্রেশন করবেন, কোর্স শেষে আপনার সার্টিফিকেটিও সেই নামেই ইস্যু হবে। তাই যে নামে সার্টিফিকেট পেতে চান সেই নামে রেজিস্ট্রেশন করুন।

**এ বিষয়ে কিছু জানার বা কোন সহায়তার প্রয়োজন হলে যোগাযোগ করুন- ০১৭২৭৫৪৯৬৮৬ নম্বরে।**

### মূল্যায়ন পদ্ধতি

প্রতিটি অধিবেশনের শেষে প্রশিক্ষণার্থীকে একটি মূল্যায়ন প্রক্রিয়ায় (Quiz) অংশ নিতে হবে। তবে অফলাইন প্রশিক্ষণার্থীদের জন্য এটা বাধ্যতামূলক নয়। আপনি অনলাইন কুইজে অংশ নিতে চাইলে আপনাকে লগইন করে অ্যাকাউন্টে প্রবেশ করতে হবে। সেখানে সংশ্লিষ্ট অধিবেশনের ভিডিও এবং পিডিএফ ডকুমেন্টের ঠিক নিচেই অধিবেশন কুইজ প্রশ্নমালা নামে একটি লিংক রয়েছে। এই লিংকে ক্লিক করে কুইজে অংশ নিতে হবে। লিংকটিতে ক্লিক করার পর আপনি কুইজ পাতায় প্রবেশ করবেন, সেখানে Start the quiz বাটনে ক্লিক করলে আপনি কুইজের একটি প্রশ্ন পাবেন। কুইজে প্রদত্ত প্রশ্ন থেকে উত্তর নির্বাচন করে Submit answer বাটনে ক্লিক করবেন। উত্তরটি সঠিক না ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে জানিয়ে দেয়া হবে। পরবর্তী প্রশ্নের জন্য Next question বাটনে ক্লিক করতে হবে।



এভাবে সব প্রশ্নের উত্তর দেয়া শেষে সন্তুষ্ট হলে Submit this result বাটনে ক্লিক করতে হবে অথবা পুনরায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য Try again বাটনে ক্লিক করতে হবে। Submit this result বাটনে ক্লিক করার পর আপনার পরীক্ষা শেষ হবে। Review answer বাটনে ক্লিক করে আপনি আপনার পরীক্ষার ফলাফল এবং প্রতিটি প্রশ্নের সঠিক উত্তর দেখতে পাবেন।

কোনো কারণে পরীক্ষার মাধ্যমে যদি পরীক্ষা ত্যাগ করতে হয়, তাহলে Finish later বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী সময়ে পরীক্ষাটি সম্পন্ন করতে আবার অধিবেশন কুইজ প্রশ্নমালাতে প্রবেশ করে Continue answering বাটনে ক্লিক করে পরীক্ষা সম্পন্ন করা যাবে।

অফলাইন প্রশিক্ষণার্থীদের জন্য প্রতিটি অধিবেশনের মূল্যায়ন প্রক্রিয়ায় (Quiz) অংশ নেয়া বাধ্যতামূলক না হলেও চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় সকলকেই অংশ নিতে হবে। সব কটি অধিবেশনে অংশগ্রহণ শেষে চূড়ান্ত পরীক্ষায় অংশ নিন। অনলাইনে অধিবেশন ১০ এ চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার প্রশ্ন সংযুক্ত আছে। এ ক্ষেত্রে আপনাকে লগইন করে অ্যাকাউন্টে প্রবেশ করতে হবে এবং নির্ধারিত পদ্ধায় পরীক্ষায় অংশ নিতে হবে। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে আপনি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ তথ্য কমিশন থেকে ইস্যুকৃত একটি সনদপত্র পাবেন। সদনপত্রটি আপনার ইমেইলে চলে যাবে। এটি আপনি ডাউনলোড করে প্রিন্ট দিয়ে নিতে পারবেন। মনে রাখবেন, পরীক্ষায় উত্তীর্ণ হতে ৬০ ভাগের অধিক নম্বর পেতে হবে।

## কোর্সের সময়সীমা

আপনার রেজিস্ট্রেশনের দিন থেকে মোট ১৫ দিনের মধ্যে কোর্সটি সম্পন্ন করতে হবে। অন্যথায় পুনরায় লগইন করে প্রথম থেকে শুরু করতে হবে।

## প্রশিক্ষকদের সাথে যোগাযোগ

প্রশিক্ষণ চলাকালীন অথবা প্রশিক্ষণ পরবর্তী যেকোনো সময়ে প্রশিক্ষণার্থীগণের মনে আইনটি সম্পর্কে কোনো প্রশ্ন দেখা দিলে সেটি অনলাইনে প্রবেশ করে discussion-এ গিয়ে কোর্স ফোরামের মাধ্যমে জানতে চাইতে পারবেন। তথ্য কমিশনের প্রশিক্ষক প্যানেল পর্যায়ক্রমে সকল প্রশ্নের উত্তর প্রদান করবেন।

## সাধারণ প্রশ্ন ও উত্তরসমূহ

প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের মনে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক যেকোনো প্রশ্ন জাগতে পারে। এ ধরনের কিছু সাধারণ প্রশ্ন ও তার উত্তর এই প্রকাশনার পরিশিষ্টে ‘সাধারণ প্রশ্ন ও উত্তরসমূহ’ নামে সংযুক্ত আছে। আপনার মনে কোনো প্রশ্ন তৈরি হলে দেখে নিন উত্তরটি সেখানে আছে কি না। উত্তর না পেলে অনলাইনে প্রবেশ করে discussion-এ গিয়ে প্রশিক্ষকের কাছে আপনার প্রশ্নটি করুন। তথ্য কমিশনের প্রশিক্ষক প্যানেল আপনার প্রশ্নের উত্তর দেবেন।